বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প

আয়োজনে ঃ জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ও উপজেলা প্রশাসন, দেবহাটা উপজেলা, সাতক্ষীরা।
সহযোগিতায় ঃ সুইচ এজেন্সি ফর ডেভেলপমেন্ট কো-অপারেশন (এসডিসি) ও ব্রেকিং দ্য সাইলেন্স

উপজেলা কর্মশালা প্রতিবেদন

কর্মসূচীর নাম	সাতক্ষীরা জেলায় পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প কার্যক্রম অবহিতকরণে দেবহাটা উপজেলার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন সচিব, সংরক্ষিত মহিলা মেম্বর ও ওয়ার্ড মেম্বর সমন্বয়ে উপজেলা কর্মশালা।					
তারিখ	২১.১২.২০২০ ইং-			সময়কাল	১০:০০ -৩:০০ টা পর্যন্ত	
সভার মাধ্যম	স্বাস্থ্যবিধি মেনে সরাসরি					
অংশগ্রহণকারীর সংখ্যা	পুরুষ	২৭	নারী	৬	মোট	৩৩
অংশগ্রহণকারীর ধরণ	ইউপি চেয়ারম্যান ও সচিব, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ চেয়ারম্যান					
সভাপতির নাম ও পদবী	তাসলিমা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা।					
প্রধান অতিথির নাম ও পদবী	হাবিবুর রহমান সবুজ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা।					
কর্মশালার পরিচালক	মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স					
এনআইএলজি প্রতিনিধি	একেএম মিজানুর রহমান, কনসালটেন্ট, এনআইএলজি (জাইকা)					
কর্মশালার সমন্বয়কারী	মোঃ তারিকুজ্জামান, ডেপুটি ডিরেক্টর, ব্রেকিং দ্য সাইলেন্স।					
কর্মশালার আয়োজক ও প্রতিবেদন প্রস্তুতকারী	মোঃ শরিফুল ইসলাম, ডেপুটি ম্যানেজার ও অফিস ইনচার্জ, ব্রেকিং দ্য সাইলেন্স, সাতক্ষীরা।					
কর্মশালার যোগাযোগকারী	মোঃ মনিরুজ্জামান টিটু, প্রজেক্ট কো-অর্ডিনেটর, ব্রেকিং দ্য সাইলেন্স, সাতক্ষীরা।					
সভার সংক্ষিপ্ত বিবরণ	ভূমিকা ঃ শুরুতে ব্রেকিং দ্য সাইলেন্স, সাতক্ষীরা এর অফিস ইনচার্জ মোঃ শরিফুল ইসলাম সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং সভাপতির অনুমতিক্রমে পারস্পরিক শিখন কর্মসূচীর কর্মশালার কার্যক্রম শুরু করেন। এর পর অংশগ্রহণকারীগণ তাদের নিজ নিজ পরিচয় দেন। পরবর্তীতে কর্মশালার স্বাগত বক্তব্য ও বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প কার্যক্রম প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স। তারপর পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প কার্যক্রম উপস্থাপন করেন মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স। **উদ্বোধনী বক্তব্যঃ** উক্ত কর্মশালার সভাপতি তাসলিমা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা, উদ্বোধনী বক্তব্যে বলেন, মূলত পারস্পারিক শিখন হলো এক জন আর এক জনের থেকে ভাল কিছু জানা ও শেখা। এনআইএলজি এর উদ্দেশ্য দেশের সকল ইউনিয়নের যে ভালো কাজ গুলো আছে সেটা বাংলাদেশের সকল ইউনিয়নে ছড়িয়ে দেওয়া, মূলত সকল উপজেলা চেয়ারম্যান ইউপি চেয়ারম্যান, সচিব ওয়ার্ড পুরুষ/মহিলা সদস্যগন সবাই ভালো					

কাজ করছেন। আমাদের যেমন ভালো কাজ আছে, তেমনি অন্যদের ও ভালো কাজ রয়েছে। এজন্য আমাদের ও অন্যদের ভালো কাজ গুলো নিজেদের মধ্যে ভাগাভাগি করে নেওয়া। তিনি এনআইএলজি ও ব্রেকিং দ্য সাইলেন্স এর এই পারস্পারিক শিখন কর্মশালায় সকল অংশগ্রহনকারীদেরকে কর্মশালায় সহযোগীতা করার অনুরোধ জানিয়ে শুভ উদ্বোধন ঘোষনা করেন।

মোহাম্মাদ জাহিদুল ইসলাম, ডিরেক্টর, (প্রোগ্রাম এন্ড প্লানিং), ব্রেকিং দ্য সাইলেন্স, প্রথমে আশাশুনি উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন এবং সকল ইউনিয়নকে ধন্যবাদ জানান। ভালো শিখন বলতে নিজের যে ভালো কাজ গুলো আছে সেগুলো কে বুঝায়। আজকের কর্মশালার প্রধান উদ্দেশ্য হচ্ছে, আমার ইউনিয়নে যে ভালো কাজগুলো আছে সেগুলো জানানো ও দেখানো। তিনি পারস্পারিক শিখনের উদ্দেশ্য গুলো তুলে ধরেন,

১. আমি আমার ভালো শিখন গুলো অন্যকে জানাবো।
২. অন্যদের ভালো শিখনগুলো নিজে দেখবো ও জানবো।
৩. উপজেলার ভালো শিখন গুলো জানবো এবং অন্যকে জানাবো।

তারপর তিনি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে পারস্পারিক কর্মসূচীর মূলনীতি গুলোর ব্যাখ্যা দেন। পারস্পারিক কর্মসূচীর মূলনীতি গুলো হলো-

- প্রশংসা
- সংযোগ স্থাপন
- অভিযোজন/গ্রহণ
- রূপায়ন

এরপরে প্রতিটি ইউনিয়নের উপস্থিতিদের স্ব স্ব ইউনিয়ন ভিত্তিক বসিয়ে ভিব কার্ডের মাধ্যমে তাদের ইউনিয়নের ৫ টি ভালো কাজ গ্রুপ ওয়ার্কের মাধ্যমে চিহ্নিত করতে বলা হয়। গ্রুপ ওয়ার্কের মাধ্যমে ০৫ টি ইউনিয়ন থেকে মোট ২৫ টি ভালো কাজ উঠে আসে। ভালো কাজ গুলো নিম্নরূপঃ

উপকরণ:

- প্রজেক্টর
- মার্কার
- পোস্টার পেপার
- ফাইল
- কলম
- নোট প্যাড
- নেইম ব্যাচ
- হ্যান্ড আউট
- ভিপ কার্ড
- ফ্লিপ চার্ট
- মাস্ক
- হ্যান্ড স্যানিটাইজার
- ক্যামেরা

➢ **কুলিয়া ইউনিয়ন পরিষদের ৫ টি ভালো কাজঃ**

১. ভিজিডি উপকরন ভোগীদের চাউল স্থানীয় ভাবে বিতরণ।
২. রোগী বহনের জন্য মিনি এ্যামবুলেন্স এর ব্যবস্থা।
৩. এলাকা ও দেশের উন্নয়নের জন্য উঠান বৈঠক করা।
৪. ছাত্র ছাত্রীদের মাঝে উপকরণ বিতরণ।
৫. বাল্য বিবাহে নিরুৎসাহিত করনে সচেতনতা মূলক সভা।

➢ পারুলিয়া ইউনিয়ন পরিষদের ৫ টি ভালো কাজঃ

১. শিশুদের মতামতের ভিত্তিতে বাজেট বরাদ্দ।
২. ইউনিয়ন পরিষদ সংক্রান্ত বিভিন্ন অভিযোগ ও মতামতের জন্য অভিযোগ বক্স স্থাপন।
৩. স্কুলে কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য স্যানিটারী ন্যাপকিন সরবরাহ।
৪. কমিউনিটি ক্লিনিকে বিভিন্ন উপকরন সরবরাহ।
৫. যুবদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদান।

➢ সখিপুর ইউনিয়ন পরিষদের ৫ টি ভালো কাজঃ

১. সখিপুর ইউনিয়ন পরিষদে শিশু পার্ক স্থাপন।
২. ঈদগাহ্ ও পাঁচপোতা কমিউনিটি ক্লিনিক সুসজ্জিতকরণ।
৩. সখিপুর মাধ্যমিক বিদ্যালয় সুসজ্জিতকরণ ও ওয়াশরুম নির্মাণ করা।
৪. ইউনিয়ন পরিষদের মাধ্যমে দুস্থ মহিলাদের প্রশিক্ষন ও সেলাই মেশিন বিতরণ
৫. অভিযোগ বক্স স্থাপন করণ।

➢ নওয়াপাড়া ইউনিয়ন পরিষদের ৫ টি ভালো কাজঃ

১. নারী শিক্ষর্থীদের জন্য (মাধ্যমিক বালিকা বিদ্যালয়) স্যানিটারি ন্যাপকিন বিতরণ ও স্যানিটেশন কর্নার স্থাপন
২. আইন শৃঙ্খলা রক্ষার্থে বাজার ও জনবহুল এলাকায় সিসি টিভি ক্যামেরা স্থাপন।
৩. নিন্ম অঞ্চলের রোগী বহনের জন্য মিনি এ্যামবুলেন্স এর ব্যবস্থা। সিএইচসিপিদের বসার ব্যবস্থা করা ।
৪. শারিরিক প্রতিবন্ধীদের জন্য হুইল চেয়ারের ব্যবস্থা অসহায় শিশুদের মাঝে ছাতা ও ব্যাগ বিতরণ।
৫. অসহায় ও ভিক্ষুক পরিবারের মাঝে স্বল্প খরচে ল্যাট্রিন নির্মান। রিং, প্যান, স্লাব, টিন ও স্বল্প সংখ্যক ইট বিতরণ।

➢ দেবহাটা ইউনিয়ন পরিষদের ৫ টি ভালো কাজঃ

১. দেবহাটা রুপসী ম্যানগ্রোভ ফরেস্টের উন্নয়ন সহযোগী হিসাবে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।
২. অসহায় ও ভিক্ষুক পরিবারের মাঝে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন।
৩. দরিদ্র মায়েদের মাঝে পরিবেশ সুরক্ষা ও পুষ্টি বৃদ্ধিও জন্য উন্নতমানের আম গাছের চারা বিতরণ।
৪. আত্বকর্মসংস্থান বৃদ্ধিতে যুব ও যুবতীদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদান।

৫. প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের জন্য শিক্ষা সামগ্রী ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী প্রদান।

সকল ভালো কাজগুলো দেয়ালে পোস্টারিং করা হয় এবং প্রত্যেক অংশগ্রহনকারীদেরকে ৩ টি করে টিপ দেওয়া হয়। অংশগ্রহনকারীরা তারা প্রত্যেক ভালো কাজ গুলো পড়ে নিজস্ব মত অনুযায়ী ভোট প্রদান করেন। ভোটের মাধ্যমে নির্বাচিত ৫ টি ভালো কাজ উঠে আসে এবং সবার সামনে উপস্থাপন করা হয় এবং প্রত্যেক ভালো কাজের সূচক নির্ধারণ করা হয়। উক্ত ভালো কাজ ও তার সূচক সমূহ নিন্মে দেওয়া হলোঃ

ভাল শিখন	সূচক
১. দেবহাটা রুপসী ম্যানগ্রোভ উন্নয়ন সহযোগী হিসাবে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন। (দেবহাটা সদর ইউনিয়ন)	• বিভিন্ন বৃক্ষ রোপন করা আছে। • বাঁশের ট্রায়েল আছে। • ইউপি/ উপজেলা মাসিক সভার রেজুলেশন আছে। • শিশু পার্ক আছে। • বিভিন্ন ভাস্কর্য আছে। • টিকিটের মাধ্যমে পরিদর্শন করানো হয়।
২. অভিযোগ বক্স স্থাপন (সখিপুর ইউনিয়ন)	• অভিযোগ বক্স দৃশ্যমান আছে। • অভিযোগ নিস্পত্তির রেজুলেশন আছে। • মাসিক সভায় আলোচনা হয়। • অভিযোগের ভিত্তিতে দৃশ্যমান উন্নয়ন কার্যক্রম আছে।
৩. নিন্ম অঞ্চলের রোগী বহনের জন্য মিনি এ্যামবুলেন্স এর ব্যবস্থা। সিএইচসিপিদের বসার ব্যবস্থা করা । (নওয়াপাড়া ও কুলিয়া ইউনিয়ন)	• রোগীর তাৎক্ষনিক চিকিৎসার জন্য মিনি এ্যামবুলেন্স আছে। • রেজুলেশন আছে। • রক্ষণাবেক্ষণের হিসাব আছে। • উপজেলা পরিষদ থেকে বরাদ্দকৃত।
৪. পরিষদ চত্তরে শিশু পার্ক স্থাপন। (সখিপুর ইউনিয়ন)	• দৃশ্যমান শিশু পার্ক আছে। • বসার জন্য আলাদা স্থাপনা আছে। • শিশুদের জন্য দোলনা, স্লিপার ও বিভিন্ন চিত্রাঙ্কন আছে। • রেজুলেশন আছে।
৫. স্কুলে কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য স্যানিটারী ন্যাপকিন সরবরাহ ও কর্নার স্থাপন। (নওয়াপাড়া ইউনিয়ন)	• ইউপি বাজেট বইতে আছে। • বালিকা বিদ্যালয় গুলোর ওয়াশরুম সুসজ্জিত করণ ও কর্নার স্থাপন। • স্কুলে কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য স্যানিটারী ন্যাপকিন দেওয়া হয়। • স্যানিটারী ন্যাপকিন বিতারণের ছবি আছে। • বজ্র ব্যবস্থাপনার জন্য ঢাকনাযুক্ত বক্স আছে।

কর্মপরিকল্পনাঃ কর্মশালায় সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়নের ভাল কাজ দেখার জন্য এক ইউনিয়নের জনপ্রতিনিধিরা অন্য ইউনিয়নে ভিজিট করতে আগ্রহী হন।উপজেলা চেয়ারম্যান ও ইউএনও স্যার এর সম্মতিতে ১৫ জানুয়ারি মধ্যে এই ভিজিট করতে যাবেন।

সভার প্রধান অতিথি উপজেলা চেয়ারম্যান- হাবিবুর রহমান, বলেন, আমাদের এই উপজেলাতে অনেক ভাল চর্চা আছে এই প্রক্রিয়ায় আমরা আমাদের এলাকার কাজ সম্পর্কে অন্যদেরকে জানাতে পারবো, বাংলাদেশের বিভিন্ন উপজেলার

	ইউনিয়নের কাজ সম্পর্কে জানতে পারবো। এর মাধ্যমে ভাল কাজ করার প্রতিযোগিতা তৈরি হবে। আশা করি আমাদের উপজেলাতেও এটি আগামীতে ভাল কাজগুলো চিহ্নিত হবে। আমরা সকলে এভাবে এগিয়ে যাব। এবং প্রত্যেক ইউনিয়ন ভিজিটের মাধ্যমে ভালো কাজ গুলো আমরা শিখবো এবং উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ সমন্বিত ভাবে কাজ করবো। **কর্মশালার সভাপতি উপজেলা নির্বাহী অফিসার-,** তাসলিমা আক্তার বলেন, আমার মনে হয় এই যে পারস্পরিক শিখন এটা কিভাবে হবে, এটা তখনই হবে যখন আমি একজনের কাছ থেকে শেখার জন্য প্রস্তুত হয় এবং আমি আর একজনকে শেখায় ,আপনারা সকাল থেকে যে ভাল কাজগুলো করেছেন আমি এর সাধুবাদ জানায়। আপনারা আজকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণ অংশগ্রহণ করেছেন কিন্তু পরবর্তীতে যে সভাগুলো অনুষ্ঠিত হবে সেখানে আপনাদের ইউনিয়নের সকল সদস্য অংশগ্রহণ করবে বলে প্রত্যাশা করছি এবং আজকের এই প্রস্তুতিমূলক সভার সফলতা কামনা করে শেষ করছি।
অংশগ্রহনকারীদের মতামত/পরামর্শ	১. যে ভাল শিখনগুলো চিহ্নিত হয়েছে তা দেখার জন্য একটি পরিকল্পনা করা। ২. ইউনিয়ন পরিষদের মাধ্যমে ভাল শিখনগুলো উপজেলা মাসিক মিটিংয়ের সিধান্ত নিয়ে রেজুলেশনে অন্তভূক্ত করা। ৩. ভাল শিখনের সূচক গুলো ইউনিয়নে সঠিকভাবে বাস্তবায়ন করা।

সংযুক্তি :

১. উপস্থিতি তালিকা।
২. কর্মশালার প্রস্তুতিমূলক সভার সূচী।
৩. নিউজ লিংক।
৪. কর্মশালার ছবি।

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী (এইচএলপি) প্রাতিষ্ঠানিকীকরণ

উপজেলা কর্মশালা

আয়োজনে: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ও উপজেলা প্রশাসন, দেবহাটা উপজেলা
সহযোগিতায়: সুইস এজেন্সি ফর ডেভলপমেন্ট এন্ড কোঅপারেশন (এসডিসি) ও ব্রেকিং দ্য সাইলেন্স

স্থান: দেবহাটা উপজেলা
তারিখ: ২১ ডিসেম্বর ২০২০

কর্মশালার সময়সূচি

সময়	কার্যক্রম
১০:০০ - ১০:৩০	রেজিস্ট্রেশন
১০:৩০ - ১০:৩৫	স্বাগত বক্তব্য
১০:৩৫ - ১০:৫০	পরিচিতি পর্ব

১০:৫০ - ১১:০০	কর্মশালার উদ্দেশ্য বর্ণনা
১১:০০ - ১১:২০	পারস্পরিক শিখন বিষয়ক উপস্থাপনা
১১:২০ - ১১:৩০	প্রধান অতিথির বক্তব্য (উদ্বোধন পর্ব)
১১:৩০ - ১১:৪৫	বিরতি
১১:১০ - ১১:৩০	পারস্পরিক শিখন প্রক্রিয়া উপস্থাপনা
১১:৪৫ - ১২:১৫	ভাল শিখন চিহ্নিত করার জন্য ইউনিয়ন ভিত্তিক দলীয় কাজ ও ভাল শিখন উপস্থাপন
১২:১৫ - ১২:৪৫	অংশগ্রহণকারীদের ভোটের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার ৫টি ভাল শিখন চিহ্নিতকরণ ও সূচক নির্ধারণ
১২:৪৫ - ০১:০৫	পারস্পরিক শিখন কার্যক্রমে অংশগ্রহণের জন্য পরবর্তী পদক্ষেপের পরিকল্পনা তৈরী করা
০১:০৫ - ০১:২০	অতিথিদের বক্তব্য
০১:২০ - ০১:৩০	সভাপতির বক্তব্য ও সমাপনী

নিউজ লিংক:

https://dainikbetnanadee.com/%e0%a6%ac%e0%a6%be%e0%a6%82%e0%a6%b2%e0%a6%be%e0%a6%a6%e0%a7%87%e0%a6%b6%e0%a7%87-%e0%a6%aa%e0%a6%be%e0%a6%b0%e0%a6%b8%e0%a7%8d%e0%a6%aa%e0%a6%b0%e0%a6%bf%e0%a6%95-%e0%a6%b6%e0%a6%bf%e0%a6%96%e0%a6%a8/?fbclid=IwAR1vP9_5-O-HnlOJBYo7igLg0yrurpbgWyWQrS2HaA5dusmHhxKZk-OVhnk

https://dainikbetnanadee.com/%e0%a6%ac%e0%a6%be%e0%a6%82%e0%a6%b2%e0%a6%be%e0%a6%a6%e0%a7%87%e0%a6%b6%e0%a7%87-%e0%a6%aa%e0%a6%be%e0%a6%b0%e0%a6%b8%e0%a7%8d%e0%a6%aa%e0%a6%b0%e0%a6%bf%e0%a6%95-%e0%a6%b6%e0%a6%bf%e0%a6%96%e0%a6%a8/?fbclid=IwAR29NgRg_ycDO-nvMV09dKobLgLq6QFFX-Abt67_mPuWhug6nuGZioi4Gy0

https://www.amardesh৩৬৫.news/country-wide/news/৪৮৮১?fbclid=IwAR০nwk৯VDl৫UUkoRFsnq০AFBn৩mo৪pDcGQBSItMgo৬_skjhZqyunc৮v৪QNs

https://satkhiratoday.com/%e০%a৬%aa%e০%a৬%be%e০%a৬%b০%e০%a৬%b৮%e০%a৭%৮d%e০%a৬%aa%e০%a৬%b০%e০%a৬%bf%e০%a৬%৯৫-%e০%a৬%b৬%e০%a৬%bf%e০%a৬%৯৬%e০%a৬%a৮-%e০%a৬%৯৫%e০%a৬%b০%e০%a৭%৮d%e০%a৬%ae%e০%a৬%b৮%e০%a৭%৮২%e০%a৬%৯a%e০%a৭%৮০/?fbclid=IwAR২PaVFdifJKMBtnH৯bqIWj৬KKqSQDRgY০nyR৫AVlFhPBqm৩৮RkrUgfC_Rs

ছবি:

Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra

Swiss Agency for Development and Cooperation SDC

	
সভাপতির বক্তব্য দিচ্ছেন উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা	চিহ্নিত ০৫টি ভাল শিখন
কর্মশালায় ভাল শিখনের সূচক নির্ধারনের একাংশ	ভোট প্রয়োগের একাংশ
কর্মশালায় অংশগ্রহণকারীদের একাংশ	ইউনিয়ন ভিত্তিক ০৫টি করে ভাল শিখনের দলীয় কাজ
কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য দিচ্ছেন উপজেলা পরিষদ চেয়ারম্যান	পাওয়ার পয়েন্ট উপস্থাপনা শেষে অংশগ্রহণকারীদের মতামত প্রকাশের একাংশ

Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra

Swiss Agency for Development and Cooperation SDC

প্রস্তুতকারীর নাম: মোঃ শরিফুল ইসলাম, ডেপুটি ম্যানেজার ও অফিস ইনচার্জ, সাতক্ষীরা